

মিডিয়া বিজ্ঞপ্তি

সামিট পাওয়ার লিমিটেডের নতুন ব্যবস্থাপনা পরিচালক



ফটো ক্যাপশন: আজ থেকে সামিট পাওয়ার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক পদে যোগদান করেছেন মেজর জেনারেল (অব:) ড. মনিরুল ইসলাম আখন্দ, এনডিসি, পিএসসি, পিএইচডি।

(ঢাকা, ১ জানুয়ারি ২০২৫, বুধবার): আজ থেকে মেজর জেনারেল (অব:) ড. মনিরুল ইসলাম আখন্দ, এনডিসি, পিএসসি, পিএইচডি সামিট পাওয়ার লিমিটেডের (এসপিএল) ব্যবস্থাপনা পরিচালক (এমডি) হিসেবে যোগ দিয়েছেন।

জেনারেল আখন্দ ১৯৮৭ সালের ডিসেম্বরে বাংলাদেশ সেনাবাহিনীর পদাতিক বাহিনীতে কমিশন লাভ করেন। বাংলাদেশ সশস্ত্র বাহিনীতে তিনি কমান্ড, স্টাফ এবং নির্দেশনামূলক কার্যক্রমের মাধ্যমে সক্রিয় ভূমিকা রেখেছেন। পদাতিক কোম্পানি, ব্যাটালিয়ন এবং ব্রিগেড কমান্ড করার পাশাপাশি তিনি ডিরেক্টর ওভারসিজ অপারেশনস/এএইচকিউ, ডিজি ইন্টেলিজেন্স/এএফডি, কলেজ সেক্রেটারি/এনডিসি ইত্যাদি পদেও দায়িত্ব পালন করেছেন। জেনারেল আখন্দ সাবেক যুগোস্লাভিয়া ও লাইবেরিয়ায় দুটি জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণ করেছেন। তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় অবস্থিত ইউনাইটেড স্টেটস সেন্ট্রাল কমান্ড (USCENTCOM) সদর দপ্তরে দুই বছরের বেশি সময় কর্মরত ছিলেন। ড. আখন্দ নর্থ সাউথ ইউনিভার্সিটি ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের খন্ডকালীন শিক্ষক। তিনি তুরস্ক, মালয়েশিয়া, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফিলিপাইনসহ বিভিন্ন দেশে অসংখ্য কোর্স ও প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। সামিট পাওয়ারে যোগদানের

আগে তিনি দেশের শীর্ষস্থানীয় রিয়েল এস্টেট ডেভেলপমেন্ট কোম্পানি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিমিটেডে (এসইএল) নির্বাহী পরিচালক ছিলেন।

ড. আখন্দ তাঁর কাজের স্বীকৃতি স্বরূপ একাধিক সম্মাননা পেয়েছেন, এর মধ্যে রয়েছে বাংলাদেশ মিলিটারি অ্যাকাডেমি থেকে বেস্ট অল-রাউন্ড ক্যাডেট হিসেবে সম্মানজনক 'সোর্ড অব অনার', যুক্তরাষ্ট্রের সশস্ত্র বাহিনীতে প্রশংসনীয় অবদানের জন্য জয়েন্ট সার্ভিস কমনডেশন মেডেল সহ জাতিসংঘ শান্তিরক্ষা মিশন, দুর্ঘোণ ব্যবস্থাপনা এবং কাউন্টার-ইন্সারজেন্সি অপারেশন মেডেলে ভূষিত হন।

সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি) থেকে তিনি পিএইডি ডিগ্রি অর্জন করেছেন। এ ছাড়া তিনি বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) থেকে সিকিউরিটি অ্যান্ড ডেভেলপমেন্ট স্টাডিজের এমএসসি, যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব সাউথ ফ্লোরিডা থেকে এমবিএ এবং বাংলাদেশ জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ডিফেন্স স্টাডিজের মাস্টার্স সম্পন্ন করেছেন। ড. আখন্দ বাংলা, ইংরেজি ও তুর্কি ভাষায় পারদর্শী। তিনি বিস্তৃত পরিসরে ভ্রমণ করেছেন এবং এখন পর্যন্ত অফিশিয়াল ও ব্যক্তিগত কাজে ৬২টি দেশে ভ্রমণ করেছেন।

তাঁর পূর্বসূরি, ইঞ্জিনিয়ার মো. মোজাম্মেল হোসেন, সামিট পাওয়ার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ছিলেন এবং বর্তমানে তিনি সামিট পাওয়ার লিমিটেডের উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন। ২০১১ সালে বাংলাদেশ পাওয়ার গ্রিড কোম্পানি লিমিটেড (পিজিসিবি) থেকে স্বচ্ছায় অবসর নেওয়ার পর মোজাম্মেল হোসেন সামিট গ্রুপে যোগ দেন। বাংলাদেশে বিদ্যুৎখাতে অনন্য অবদানের জন্য ইঞ্জিনিয়ার মোজাম্মেল হোসেন একাধিক জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কার পেয়েছেন।

সামিট পাওয়ার লিমিটেড সম্পর্কে:

সামিট পাওয়ার লিমিটেডের (এসপিএল) বাংলাদেশের শীর্ষস্থানীয় ইনডিপেন্ডেন্ট পাওয়ার প্রডিউসার (আইপিপি) এবং শেয়ারবাজারের তালিকাভুক্ত AAA রেটেড কোম্পানি। সামিট পাওয়ার লিমিটেড বাংলাদেশের জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ করে এবং বাংলাদেশের বৃহত্তম অবকাঠামো উন্নয়নকারী প্রতিষ্ঠান সামিটের গ্রুপের অধীনে পরিচালিত একটি কোম্পানি। সামিট পাওয়ার লিমিটেড ২০০৫ সালে ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হওয়ার পর থেকে নিয়মিত লভ্যাংশ ঘোষণা করে আসছে। ২০১৩ সাল থেকে টানা পাঁচবার সামিট বাংলাদেশ সরকারের কাছ থেকে সেরা বিদ্যুৎকেন্দ্রের পুরস্কার পেয়েছে।